

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০১৩.১৬.- ৬৬১(ক)

তারিখঃ ০৬.০৯.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ লক্ষীপুর জেলার রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুককে স্বপদে পুনর্বহাল বিষয়ে সরেজমিনে গিয়ে প্রকৃত তথ্য উদঘাটনপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র (১) চর আলেকজান্ডার কামিল মাদরাসার অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক আবেদন

তারিখঃ ০৩.০৫.২০১৭ খ্রিঃ।

(২) আবেদনটি শিক্ষা মন্ত্রী মহোদয় কর্তৃক সচিব মহোদয়ের নিকট প্রেরিত

তারিখঃ ০৭.০৫.২০১৭ খ্রিঃ।

(৩) আবেদনটি সচিব মহোদয় কর্তৃক সহকারী সচিব (অডিট ও আইন) এর নিকট প্রেরণ

তারিখঃ ২২.০৫.২০১৭ খ্রিঃ।

(৪) শিক্ষা মন্ত্রণালয়ের অডিট ও আইন শাখার স্মারক নং- ৫৭.০০.০০০০.০৬৬.০০৩.০০৩.১৭-৩০৫

তারিখঃ ০৬.০৬.২০১৭ খ্রিঃ।

(৫) জেলা প্রশাসক, লক্ষীপুর এর কার্যালয়ের স্মারক নং-০০.০০.৫১০০.০০.০০০.২০১৭-০২/০২/১

তারিখঃ ১২.০১.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে লক্ষীপুর জেলার রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদ্রাসার (প্রশিক্ষণ ও শারিরিক শিক্ষা) (প্রশিক্ষণ ও শারিরিক শিক্ষা) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুক কর্তৃক “ লক্ষীপুর জেলার রামগতি উপজেলাধীন চর আলেকজান্ডার কামিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুককে স্বপদে পুনর্বহালকরণ প্রসঙ্গে” শিরনামে একখানা আবেদন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় শিক্ষা মন্ত্রী বরাবর দাখিল করা হয়।


০২. মাননীয় শিক্ষা মন্ত্রী কর্তৃক ২নং স্মারক মূলে আবেদনটি সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয় এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক আবেদনটি সহকারী সচিব (অডিট ও আইন) এর নিকট প্রেরণ করা হয়।

০৩. আবেদনকারীর আবেদন বিষয়ে (চর আলেকজান্ডার কামিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওমর ফারুককে স্বপদে পুনর্বহাল) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মতামতসহ একটি প্রস্তাব সহকারী সচিব (অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণের জন্য সহকারী সচিব (অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০৪. আবেদনকারীর আবেদন এবং আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোঃ ওমর ফারুক, অধ্যক্ষ, (সাময়িক বরখাস্তকৃত) চর আলেকজান্ডার কামিল মাদরাসা সংক্রান্ত বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য সরেজমিনে গিয়ে বিষয়টি সম্পর্কে তথ্য উদঘাটন করা প্রয়োজন।

০৫. আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে প্রাপ্ত কাগজ-পত্রের ছায়ালিপি পত্রের সাথে প্রেরিত হলো।

০৬. এমতাবস্থায় সরেজমিনে গিয়ে প্রকৃত সত্য উদঘাটনপূর্বক জনাব মোঃ ওমর ফারুক, অধ্যক্ষ, (সাময়িক বরখাস্তকৃত) চর আলেকজান্ডার কামিল মাদ্রাসা সম্পর্কিত বিষয়ে মতামতসহ একটি প্রাতবেদন আগামি ৩০.০৯.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৬.০৭.১৭

উপ পরিচালক (প্রশাসন)

(প্রতিকল্প কর্মকর্তা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, চর আলেকজান্ডার কামিল মাদরাসা, ডাক: আলেকজান্ডার, উপজেলা: রামগতি: জেলা: লক্ষীপুর।

৪. জনাব মোঃ ওমর ফারুক, পিতা: মরহুম- হাবিবুর রহমান, গ্রাম: আলেকজান্ডার দায়রা বাড়ী, ডাক: আলেকজান্ডার, উপজেলা: রামগতি: জেলা: লক্ষীপুর।

৫. অফিস কপি।